

২০১৮-১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি

২০১৮-১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমের ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের আগামী ০১/১০/২০১৮ হতে ০৮/১০/২০১৮ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nuac.bd/admissions এ প্রবেশ করে চূড়ান্ত ভর্তি ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক সাদা কাগজে প্রিন্ট নেয়ার পর গোল-ই-আফরোজ সরকারি কলেজে ভর্তির জন্য www.gagc.edu.bd ওয়েবসাইটে Online Admission সাইটে প্রবেশ করে ভর্তির নির্দেশনা ও সময়সূচি অনুযায়ী ভর্তি সম্পন্ন করতে হবে।

উল্লেখ্য, মেধাতালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থীকে তার বিষয়ের পছন্দক্রম পরিবর্তন করতে চাইলে অনলাইন আবেদন ফরম পূরণের সময়েই বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে টিক চিহ্ন দিতে হবে। বিষয়ের পছন্দক্রম পরিবর্তন করতে না চাইলে টিক চিহ্ন দিতে হবে না।

১। ভর্তির সময়সূচি: ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ডাউনলোডকৃত ভর্তি ফরম প্রয়োজনীয় কাগজপত্র ও ভর্তি ফি জমাদানের স্লিপসহ আগামী ০১/১০/২০১৮ থেকে ০৮/১০/২০১৮ (ছুটির দিন ব্যতিত) তারিখ বেলা ২:০০ ঘটিকার মধ্যে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

২। ভর্তি ফি জমা: ভর্তি ফি বাবদ আগামী ০১/১০/২০১৮ থেকে ০৮/১০/২০১৮ (ছুটির দিন ব্যতিত) তারিখ বেলা ২:০০ ঘটিকার মধ্যে কলেজ অফিসে ২৮৫৮/ টাকা রকেট (ডাচ বাংলা মোবাইল ব্যাংক) অথবা টেলিক্যাশ মোবাইল ব্যাংক-এর মাধ্যমে এবং ২২০০/ টাকা সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

৩। ভর্তি ফরমের সাথে যেসব কাগজপত্র সংযুক্ত করতে হবে:

ক) উচ্চ মাধ্যমিক বা সমমান মূল নম্বরপত্র স্ব স্ব বিভাগে জমা দিতে হবে এবং অধ্যয়নকালীন সময়ে মূল নম্বরপত্রটি সংশ্লিষ্ট বিভাগে জমা থাকবে।

খ) মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্র এবং প্রশংসাপত্রের ফটোকপি।

গ) ২ কপি পাশপোর্ট সাইজ ছবি (প্রাথমিক ভর্তি আবেদনের সময় প্রদত্ত ছবির অনুরূপ)।

ঘ) মোবাইল ব্যাংকে টাকা জমাদান ও বিভাগীয় অফিসে টাকা জমাদানের রশিদ।

৩০/১০/১৮

অধ্যক্ষ

গোল-ই-আফরোজ সরকারি কলেজ
সিংড়া, নাটোর